



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।

পিএবিএস- ৯১৪০৩৯৯-৪

ফোন- ৮১১৪৬৫৯

স্মারক নং- বাপউবো/সদাবিক/সাধা-১৪/নিয়োগ/০৭/৩৩০

তারিখঃ ২৩/১২/০৮ইং

-: অফিস আদেশ :-

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং - পউসবি/ শাখা-৩/ প্রবা-৪/ ২০০৪/৯৪ তারিখ ৩০/০৩/২০০৪ ইং এর প্রজ্ঞাপনে গঠিত নিয়োগ কমিটির সুপারিশক্রমে নিম্নেবর্ণিত প্রার্থীগনকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) এর মাঠসহকারী পদে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগকরত: তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় পদায়ন করা হলো।

ক্রমিক নং	নাম	পিতা/স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগস্থল	মন্তব্য
১।	মোঃ আকরামুল হক	পিতাঃ মোঃ ইসমাইল হক গ্রামঃ ঝিনা, পোঃ মোহাম্মদপুর, গোদাগাড়ী, রাজশাহী।	বাগমারা, রাজশাহী	

২। নিয়োগের শর্তসমূহঃ

- মাঠ সহকারীকে তার বেতন ভাতার সমপরিমাণ অর্থ আদায়কৃত সেবামূল্যের কর্মচারী অংশ (৫%) হতে আয় সাপেক্ষে প্রদান করা হবে।
 - বেতন ভাতাঃ গ্রেড-১৬ : সাকুল্য বেতন = ৩,০০০+১,৪০০+৫০০+১০০=৫,০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা।
 - বেতন ভাতা তহবিল খাতে (৫%) সাকুল্য বেতন ভাতা প্রদানের পর উদ্বৃত্ত টাকা থেকে (যদি থাকে) বাৎসরিক সর্বোচ্চ ২টি উৎসব ভাতা এবং মাসিক সর্বোচ্চ ৩০০/- (তিন শত) টাকা ভ্রমণ ভাতা বিধি মোতাবেক প্রাপ্য হবেন।
 - মাঠ সহকারীকে ৬ মাস শিক্ষানবিশ হিসাবে থাকতে হবে। শিক্ষানবিশকালে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে কোন নোটিশ ছাড়াই বরখাস্ত করা হবে।
 - মাঠ সহকারীকে কর্মসূচীর আওতাভুক্ত যে কোন উপজেলায় পদায়ন /বদলী করা যাবে এবং বদলি/ পদায়নকৃত উপজেলায় তাকে কাজ করতে সম্মত থাকতে হবে। এ ক্ষেত্রে কোন ওজর আপত্তি গ্রহণ যোগ্য হবেনা।
 - মাঠ সহকারীকে কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান করতে হবে এবং গ্রামের প্রত্যন্ত অঞ্চলে বিত্তহীন জনগোষ্ঠীর সাথে কাজ করতে হবে।
 - শৃঙ্খলা পরিপন্থী কোন কাজ অথবা আর্থিক অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট মাঠসহকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, চাকুরীচ্যুতকরণ এবং প্রয়োজনে ফৌজদারী বিচার ব্যবস্থার সম্মুখীন করা হবে।
- যোগদানের সময় জেলা/ উপজেলা সরকারী হাসপাতাল এর এমবিবিএস ডাক্তারের নিকট থেকে নিজ খরচে শারিরিক সুস্থতার সনদ দাখিল করতে হবে। ডাক্তারী সনদপত্র সন্তোষজনক না হলে যোগদানপত্র গ্রহণযোগ্য হবেনা।
 - যোগদানের সময় নির্ধারিত ছকে ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প প্রার্থী তার বৈধ অভিভাবক এবং স্থানীয় জামিনদার কে সংশ্লিষ্ট মাঠসহকারীর বিরুদ্ধে কোন প্রকার আর্থিক অনিয়ম প্রমাণিত হলে তার দায়-দায়িত্ব গ্রহণ পূর্বক ক্ষতি পূরণ করতে বাধ্য থাকব মর্মে অনুমোদিত ফরমে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
 - কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ নিয়োগ পত্রের উপরোক্ত শর্তাবলী যে কোন সময় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করতে পারবেন।

- ৬। উল্লিখিত শর্তসমূহ গ্রহণযোগ্য হলে আগামী ৩১/১২/০৮ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে তাঁর নিয়োগস্থল উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাপউবো, বাগমারা, রাজশাহী এর দপ্তরে যোগদান পত্র দাখিল করতে নির্দেশ দেয়া যাচ্ছে। উপরোল্লিখিত ডাক্তারী সনদ, ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ছাড়াও শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সম্পর্কিত সকল সনদের একটি করে সত্যায়িত কপি সহ মূল সার্টিফিকেট (ফেরতযোগ্য) বায়োডাটা ও দুই কপি ছবি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৫। নির্ধারিত তারিখে পোষ্টিংকৃত দপ্তরে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(সি) সাহিরুদ্দীন আহমদ খান
পরিচালক (সরেজমিন)

স্মারক নং- বাপউবো/সদাবিক/সাধা-১৪/নিয়োগ/০৭/ ৩৩০

তারিখঃ ২৩/১২/০৮ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জনাব/ বেগমঃ....., পিতা/স্বামীঃ.....
বর্তমান ঠিকানা :.....
.....।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাপউবো, বাগমারা, রাজশাহী। তিনি নিয়োগপ্রাপ্ত মাঠ সহকারীর নিকট হতে উপরে বর্ণিত যাবতীয় কাগজপত্র ও দলিলাদি পরীক্ষা করে স্বীয় দপ্তরে পৃথক পৃথক নথিতে সংরক্ষণ করবেন ও নির্ধারিত তারিখ উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীদের যোগদান সংক্রান্ত তথ্যাদি জেলার উপ পরিচালককে অবহিত করবেন এবং গৃহীত অঙ্গীকারনামার এক প্রস্তুত ছায়াছবি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করবেন।
- ৩। উপ পরিচালক, বাপউবো, রাজশাহী। তাঁকে উপজেলা হতে প্রার্থীদের যোগদান সংক্রান্ত তথ্যাদি এবং যোগদান কৃত মাঠ সহকারীর অঙ্গীকারনামার ছায়াছবি প্রাপ্তির সাথে সাথে পরিচালক (সরেজমিন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।

(সি) মোঃ মহিউদ্দিন
উপপরিচালক (বাজারজাতকরন)